

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৩.২৬.০৪৩.২৩ নথির বিষয়: Procurement of Rota Plus (Rotenone) for fish killing with related service at PSTP.

নোট: ১ নোটের বিষয়: Procurement of Rota Plus (Rotenone) for fish killing with related service at PSTP.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৭/৩/২৩ ৩:২৪ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিক গুলি সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের মাধ্যমে ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত ১৭(সতের)টি পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে নেটওয়ার্কের মাধ্যমে সূর্যার পয়ঃ শোধনাগারের ইনলেট চেম্বারে জমা হয়। সূর্যার সমূহ প্রাইমারি ট্রিটমেন্টের পর চূড়ান্ত ট্রিটমেন্টের জন্য ফ্যাকালটেটিভ লেগুন টাইপ “এ ও বি” তে জমা হয়। পাগলা পয়ঃ শোধনাগারের শোধন প্রক্রিয়ার জন্য বিদ্যমান ফ্যাকালটেটিভ লেগুনগুলির ভূমিকা অপরিসীম। প্রাইমারি ট্রিটমেন্ট লিকুইড ফ্যাকালটেটিভ লেগুনগুলিতে সরবরাহের পর বায়োলজিক্যাল ট্রিটমেন্টের জন্য সমহারে ও সমউচ্চতা বজায় রেখে পানি স্থির হয়ে (রি-টেনশন টাইম) নির্দিষ্ট সময় পর ডিসচার্জ পয়েন্ট দিয়ে বুড়িগঙ্গা নদীতে পতিত হয়। প্রাকৃতিকভাবে এই লেগুনগুলিতে কিছু মাছের জন্ম হয়। পরীক্ষা করে দেখা গেছে যে, এই মাছ বিষাক্ত এবং জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর। প্রতিবছরই এই মাছগুলো নিধন করা হয়। উল্লেখ্য যে, প্রতি দুই মাস পর পর লেগুনের মাছ নিধন করার জন্য মহামান্য হাইকোর্টের নির্দেশ রয়েছে এবং সংস্থার সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে ঢাকা ওয়াসা সর্বদাই সচেতন রয়েছে। সর্বশেষ গত ০২/০১/২০২২ হতে ০৩/০১/২০২২ইং তারিখে মাছ নিধন কাজ সম্পন্ন করা হয়েছিল। পরবর্তী দুই মাসের মধ্যে তেমন কোন মাছ দেখতে পাওয়া যায়নি। বর্তমানে সরেজমিনে পরিদর্শন করে লেগুনগুলিতে কিছু কিছু টাকি/ষোল জাতীয় মাছের পোনা দেখতে পাওয়া যায়। কাজেই লেগুনগুলির মাছ সমূহ ঢাকা ওয়াসার বিজ্ঞ নির্বাহী হাকিম সহ উর্দ্ধতন কর্তৃপক্ষের উপস্থিতিতে অত্যন্ত জরুরী ভিত্তিতে নিধন করা প্রয়োজন হয়ে পড়েছে। স্বল্পমূল্যে লেগুনের মাছগুলি নিধন করার জন্য রোটাপ্লাস (রোটেনোন) ব্যবহার করা হয়। রোটাপ্লাস পৃথিবীর বৃহত্তর রোটেনোন উৎপাদনকারী দেশ পেরু থেকে আমদানীকৃত। দিনের বেলা কড়া রোদে রোটাপ্লাস ছিটালে কার্যকরী ফল পাওয়া যায়। পানিতে ছিটানোর পর ৭ দিন পর্যন্ত রোটাপ্লাস এর কার্যকারিতা থাকে। রোটাপ্লাস প্রয়োগ করলে প্রথমে মাছ মরে ভেসে উঠে বিধায় পানির উপরের স্তরের মাছ বড় জাল দ্বারা ধরতে হয়। অতঃপর মৃত মাছ নিরাপদ দূরত্বে গর্ত করে তাতে মাছ রেখে জুট ও কেরোসিন দ্বারা আগুন জ্বালিয়ে দেয়ার পর মাটি দ্বারা গর্ত ভরাট করা হয়। বর্তমানে মাছ নিধন করার জন্য রোটাপ্লাস (রোটেনোন) সংগ্রহ করা প্রয়োজন। সেলফে বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করে ক্র.নং-৪ এ উপস্থাপন করা হল। যাতে মোট টাকার পরিমাণ ১৩,৪৫,৫৪২.৪৭৭ (তের লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচ শত বিয়াল্লিশ দশমিক চার সাত সাত) মাত্র।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৭/৩/২৩ ৩:২৬ অপরাহ্ন

আলোচ্য কাজটি ২০২২-২০২৩ইং অর্থবছরের অত্র বিভাগের সংশোধিত বার্ষিক রাজস্ব ক্রয়-পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৭/৩/২৩ ৩:২৭ অপরাহ্ন


আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৭/৩/২৩ ৩:২৮ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে বিষয়ে বর্ণিত কাজটি জরুরী বিধায় পিপিআর-২০০৮ এর ৬১ বিধির ১ উপ-বিধি মোতাবেক Form - PG2-2A open tender method (OTM) উন্মুক্ত দরপত্র প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পেশকৃত সর্বমোট ১৩,৪৫,৫৪২.৪৭৭ (তের লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচ শত বিয়াল্লিশ দশমিক চার সাত সাত টাকা মাত্র), টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৭/৩/২৩ ৩:৩২ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে অনুচ্ছেদ ১.৩ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য নথিখানা উপস্থাপন করা হ'ল।

			
৭/৩/২৩ ৩:৫১ অপরাহ্ন মোঃ আদুস সালাম উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৭/৩/২৩ ৪:৪২ অপরাহ্ন মোঃ হাসিবুল হাসান সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৭/৩/২৩ ৬:৪৩ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	১০/৩/২৩ ৯:৫৮ পূর্বাহ্ন মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল


অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১০/৩/২৩ ৯:৫৭ পূর্বাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে রোটা প্লাস (রোটানল) প্রয়োগ করে পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনের মাছ নিধন বিষয়ে মতামত প্রদানের অনুরোধ করা হল।

	
১০/৩/২৩ ৯:৫৮ পূর্বাহ্ন মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১০/৩/২৩ ১০:৪৯ পূর্বাহ্ন মোঃ জাহিদুল ইসলাম আইন কর্মকর্তা আইন বিষয়ক বিভাগ

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১৩/৩/২৩ ১০:৪৮ পূর্বাহ্ন

It has a clear direction by the honourable High Court to destroy all fish that grow in the pagla Sewerage treatment pond. So, approval may be given to purchase rotanal to destroy fish according to the honourable High Court order

	
১৩/৩/২৩ ১০:৪৯ পূর্বাহ্ন মোঃ জাহিদুল ইসলাম আইন কর্মকর্তা আইন বিষয়ক বিভাগ	১৫/৩/২৩ ৯:০৭ পূর্বাহ্ন মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ১৪/৩/২৩ ৯:১১ পূর্বাহ্ন

সংযুক্ত প্রাক্কলনের পিজি২বি এর আইটেম বর্ণনা সংশোধন ও কেমিক্যাল প্রয়োগ ও নেট/জাল ফেলা আইটেম অন্তর্ভুক্ত করে পেশ করণ।

		
১৫/৩/২৩ ৯:০৭ পূর্বাহ্ন মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১৫/৩/২৩ ১০:৩৬ পূর্বাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	১৯/৩/২৩ ১০:২৫ অপরাহ্ন মোঃ আদুস সালাম উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

অনুচ্ছেদ ১.৮ - তারিখঃ ১৯/৩/২৩ ১০:১৩ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৭ এর নির্দেশনা মোতাবেক সংযুক্ত প্রাক্কলনের আইটেম সংযোজন ও সংশোধন করে কেমিক্যাল প্রয়োগে এবং নেট/জাল ফেলা আইটেম অন্তর্ভুক্ত করে পুনঃ উপস্থাপন করা হ'ল।

অনুচ্ছেদ ১.৯ - তারিখঃ ১৯/৩/২৩ ১০:২২ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে বিষয়ে বর্ণিত কাজটি জরুরী বিধায় পিপিআর-২০০৮ এর ৬১ বিধির ১ উপ-বিধি মোতাবেক Form - PG2-2A open tender method (OTM) উন্মুক্ত দরপত্র প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পেশকৃত সর্বমোট ২০,২৫.০৪৩.০০৭ (বিশ লক্ষ পঁচিশ হাজার তেতাল্লিশ দশমিক শূন্য শূন্য সাত টাকা মাত্র), টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদনের জন্য নথিখানা উপস্থাপন করা হ'ল।

ঢাকা ওয়াসা

আব্দুস সালাম

Othman

Rite

১৯/৩/২৩ ১০:২৫ অপরাহ্ন
মোঃ আব্দুস সালাম
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

১৯/৩/২৩ ১০:৩২ অপরাহ্ন
মোঃ হাসিবুল হাসান
সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

২০/৩/২৩ ১২:২৭ পূর্বাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

২০/৩/২৩ ৯:৫৩ পূর্বাহ্ন
মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.১০ - তারিখঃ ২০/৩/২৩ ৯:০৯ পূর্বাহ্ন

অনুচ্ছেদ ১.৬ এর আইন কর্মকর্তার নোট আমলে নিয়ে হাইকোর্টের নির্দেশনা মোতাবেক অনুচ্ছেদ ১.৯ এর প্রস্তাব সদয় অনুমোদনের সুপারিশ করা হল। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

Rite

২০/৩/২৩ ৯:৫৩ পূর্বাহ্ন
মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

২০/৩/২৩ ১০:৩৬ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.১১ - তারিখঃ ২০/৩/২৩ ১০:৩৬ পূর্বাহ্ন

অনুমোদিত

Othman

২০/৩/২৩ ১০:৩৬ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২০/৩/২৩ ৭:২১ অপরাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

অনুচ্ছেদ ১.১২ - তারিখঃ ২০/৩/২৩ ৭:২০ অপরাহ্ন

পত্রিকায় দরপত্র আহবানের ব্যবস্থা নিন।

Rite

২০/৩/২৩ ৭:২১ অপরাহ্ন
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

২০/৩/২৩ ৭:২১ অপরাহ্ন
মোঃ হাসিবুল হাসান
সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ